

কুবিতে শ্রেণিকক্ষের তীব্র সংকট

■ মুহাম্মদ শফিউল্লাহ, কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা।
কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে শ্রেণিকক্ষের তীব্র সংকট চমকে।
এতে ব্যাহত হচ্ছে শিক্ষার্থীদের পড়াশুনা। নির্ধারিত সময়ে
সিলেবাস শেষ করতে হিচমি বাচ্ছেন শিক্ষকরাও। ফলে
সেশনজটের আশঙ্কা করছেন শিক্ষার্থীরা।

সার্বজনিনে ঘুরে জানা যায়, বিশ্ববিদ্যালয়ে বর্তমান ১৭টি
বিভাগ থাকলেও সে তুলনায় নেই পর্যাপ্ত শ্রেণিকক্ষ।
বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চালাতে আছে বস ৪২টি,
শ্রেণিকক্ষ ১৬টি এবং একাডেমিক ভবন পশ্চিমে ৭টি, একাডেমিক ভবন
দক্ষিণে ১৬টি এবং একাডেমিক ভবন উত্তরে ১৫টি শ্রেণিকক্ষ
রয়েছে, ১৭টি বিভাগের জন্য যা কোনক্রমেই পর্যাপ্ত নয়। কোন
বিভাগের জন্য শ্রেণিকক্ষ একটি, কোন বিভাগের জন্য দুটি-

এমন অল্প প্রতিটি বিভাগেই। শ্রেণিকক্ষের সংকট কাটাতে
প্রশাসনিক উদ্যোগে তিনটি কক্ষে শ্রেণিকক্ষের কার্যক্রম চালাবো
হয় বলে জানা যায়। শ্রেণিকক্ষের এই চরম সংকটের কারণে
বিশ্ববিদ্যালয়ের যাজবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে,
যেখানে নেত্রি বাচ্ছে না ক্লাস।

বিশ্ববিদ্যালয়ের ১৭টি বিভাগের মধ্যে এ বছর চালু করা
হয়েছে প্রকৃত্ত্ব, ফার্মেসি এবং ফিন্যান্স এন্ড ব্যাংকিং নামে
নতুন তিনটি বিভাগ। এই তিন বিভাগের জন্য একটি করে
শ্রেণিকক্ষ থাকলেও নেই নিজস্ব লাইব্রেরি ও সেমিনার। নেই
পরীক্ষার হল। এমনকি শিক্ষকদের জন্যও নেই আলাদা
চেয়ার। ফলে বিভাগীয় প্রধানসহ সকল শিক্ষক একই কক্ষে
বসে চালান একাডেমিক কার্যক্রম।